

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/৪ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১৬০-আইন/আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উক্ত Ordinance এর অধীন “কিডনী ফাউন্ডেশন হাসপাতাল ও রিচার্স ইনস্টিটিউট” এর কেবল চিকিৎসা সেবা কার্যক্রম পরিচালনা হইতে অর্জিত আয়ের উপর আরোপণীয় আয়কর প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:-

শর্তাবলী

- (ক) উক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সকল সেবা, যেমন হাসপাতালে ভর্তি ও তৎপরবর্তী আবাসিক চিকিৎসা সুবিধা, বহি-বিভাগ পরামর্শ বা ব্যবস্থাপত্র, প্যাথলজিক্যাল পরীক্ষা, সার্জারী বা অনুরূপ অন্যান্য চিকিৎসা সেবা এর ন্যূনতম ৩০% (ত্রিশ শতাংশ) গরীব ও অসহায় রোগীদের বিনামূল্যে প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;
- (খ) দফা (ক) তে উল্লিখিত সেবা প্রদান সম্পর্কিত বিষয়ে উক্ত প্রতিষ্ঠানকে ত্রৈমাসিক ভিত্তিতে একটি প্রতিবেদন সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট দাখিল করিতে হইবে; এবং
- (গ) উক্ত প্রতিষ্ঠানকে উক্ত Ordinance এর অধীন নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সচিব।